# স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণের দাবি

নিজস্ব প্রতিবেদক
৩০ এপ্রিল ২০২৬, ১২:০০ এএম

স্বীকৃতিপ্রাপ্ত অনুদানভুক্ত ও অনুদানবিহীন সব স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসাকে প্রাথমিক বিদ্যালয়ের মতো জাতীয়করণের দাবিতে আন্দোলনের ঘোষণা দিয়েছে স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা শিক্ষক ঐক্যজোট আন্দোলন বাস্তবায়ন কমিটি। দাবি পূরণে ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেটে প্রয়োজনীয় বরাদ্দ না থাকলে আগামী ১৫ জুন জাতীয় প্রেসক্লাবের সামনে অবস্থান ধর্মঘটসহ কঠোর কর্মসূচি পালনের হুঁশিয়ারি দিয়েছেন সংগঠনের নেতারা।

গতকাল বুধবার জাতীয় প্রেসক্লাবে স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা শিক্ষক ঐক্যজোট আন্দোলন বাস্তবায়ন কমিটির ব্যানারে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কর্মসূচির ঘোষণা করা হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা শিক্ষক ঐক্যজোটের চেয়ারম্যান কাজী মোখলেছুর রহমান।

এ সময় বক্তরা বলেন, সাবেক তিনবারের প্রধানমন্ত্রী বেগম খালেজা জিয়া ১৯৯৪ সালে এক পরিপত্রে প্রাইমারি ও স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসাগুলোকে ৫০০ টাকা ভাতা দেন। সে সময়ে বৈষম্যের শিকার হয়ে ১৮ হাজার মাদ্রাসার মধ্যে মাত্র ১ হাজার ৫১৯টি মাদ্রাসা ৫০০ টাকা বেতনে অন্তর্ভুক্ত করেন। বাকি মাদ্রাসাগুলো অনুদান থেকে বঞ্চিত হয়। লিখিত বক্তব্য আরও বলা হয়, মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করার লক্ষ্যে ১৯৭৮ সালের ৯ অর্ডিন্যান্স ২ এর ধারা মোতাবেক স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসাগুলোকে ১৯৮৪ সালে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক রেজিস্ট্রেশন দেয়া হয়। বাংলাদেশ ও বিশ্বে অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে তাল মিলাতে এনসিটিবি থেকে প্রকাশিত শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক অনুযায়ী কোরআন সুন্নাহ এবং আরবি ভাষা শিক্ষাদানের পাশাপাশি প্রাথমিক শিক্ষার মতো বাংলা, ইংরেজি, বিজ্ঞান, গণিত, সমাজ ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণির শিক্ষার্থীদের পাঠদান করে আসছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে প্রাইমারির মতো বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ, ৫ম শ্রেণি থেকে উত্তীর্ণ হওয়ার পর দাখিল মাদ্রাসায় ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তি হয়। ২০১৩ সালের ৯ জানুয়ারি বিগত সরকারের সাবেক প্রধানমন্ত্রী ২৬ হাজার ১৯৩টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করেন। কিন্তু দুঃখের বিষয় স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণ তো দূরের কথা একটি এবতেদায়ি মাদ্রাসাকেও এমপিওভুক্ত করা হয়নি।

তারা আরও বলেন, ২০২৫ সালের ১৩ অক্টোবর থেকে ২ নভেম্বর পর্যন্ত অনুদানভুক্ত ও অনুদানবিহীন মাদ্রাসার শিক্ষকদের প্রাইমারির মতো জাতীয়করণের দাবি নিয়ে আন্দোলন করি। এর পরিপ্রেক্ষিতে ৩ নভেম্বর প্রধান উপদেষ্টা অনুদানভুক্ত স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা এমপিওভুক্তকরণের জন্য শিক্ষা মন্ত্রণালয়কে আদেশ দেন, যা অদ্যাবধি বাস্তবায়ন হয়নি। গত ৮ মার্চ জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন করে বর্তমান প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী বরাবর স্মারকলিপি দিই। দুঃখের বিষয় অদ্যাবধি দাবি বাস্তবায়ন না হওয়ায় প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে অবহিত করার জন্য আজকের এই সাংবাদ সম্মেলন। সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন আন্দোলন বাস্তবায়ন কমিটির আহ্বায়ক মো. সামছুল আলম। সঞ্চালনায় ছিলেন আন্দোলন বাস্তবায়ন কমিটির সদস্যসচিব মোহাম্মদ আল-আমিন। উপস্থিত ছিলেন স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক ঐক্যজোটের চেয়ারম্যান কাজী মোখলেছুর রহমান। উপস্থিত ছিলেন উপদেষ্টা এস এম জয়নাল আবেদীন জিহাদী, ঐক্যজোটের মহাসচিব মো. সামছুল আলম, শিক্ষক পরিষদ-এর সভাপতি নুরুন্নবী আলী, শিক্ষক সমিতির মহাসচিব মো. তাজুল ইসলাম ফরাজী, শিক্ষা উন্নয়নের সভাপতি আহমেদ হোসেনসহ অন্য নেতারা।